## ♣ উত্তরপত্র

প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০১৫ (২য় ধাপ)

**Total questions : 80 Total marks : 80**

---

1) Choose the pair of words that expresses a relationship similar to that of the given pair:
WORDS : WRITER

1)
Laws : Policeman

✔ 2)
Butcher : baker

3)
Chalk : black board

4)
Joy : emotion

**ব্যাখ্যা :** writer - (লেখক) কাজ করে words (শব্দ) নিয়ে এবং Baker (রুটি প্রস্তুতকারক) কাজ করে butter (মাখন) নিয়ে।

Hello BCS

2) একটি আয়তকার ঘরের দৈর্ঘ্য বিস্তারের দ্বিগুন ।এর ক্ষেত্রফল ৫১২ বর্গমিটার হলে পরিসীমা কত?

1)
98 মিটার

✔ 2)
96 মিটার

3)
94 মিটার

4)
92 মিটার

**ব্যাখ্যা :** ধরি,
আয়তাকার ঘরের বিস্তার x মিটার
" " দৈর্ঘ্য 2x "
প্রশ্নমতে, $2x^2 = 512$

= > $x^2 = 256$
∴$x = 16$ = বিস্তার
∴$2x = 32$ = দৈর্ঘ্য
আয়তক্ষেত্রের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ)
= 2 (32 + 16)
= 96 মিটার

3) ক ও খ একত্রে একটি কাজ ১২ দিনে করতে পারে। ক একা কাজটি ২০ দিনে করতে পারে। খ একা কাজটি কতদিনে করতে পারবে?

1) ২৫ দিনে

✔ 2) ৩০ দিনে

3) ৩৫ দিনে

4) ৪০ দিনে

**ব্যাখ্যা :** খ কাজটি করতে পারবে
= (২০×১২)/(২০-১২) দিনে
= ২৪০/৮ দিনে
= ৩০ দিনে

4) Government has been entrusted __ elected politicians.

1) with

2) for

✔ 3) to

4) at

Hello BCS

**ব্যাখ্যা :** Entrusted with = কোন ব্যক্তিকে কোন কিছুর দায়িত্ব প্রদান। Entrusted to = কোন ব্যক্তিকে ব্যক্তির দ্বায়িত্ব প্রদান।

5) দুটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি কত?

1) ৭০

2) ৮০

3) ৯০

✔ 4) ১০০

**ব্যাখ্যা :** দু'টি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর ১৯৯ হলে বড় সংখ্যাটি = [(১৯৯+১)/২] = ১০০।

6) একটি সংখ্যার বর্গের সাথে 4 যোগ করলে যোগফল 40 হয়। সংখ্যাটি কত?

1) 4

2) 5

3) 8

✔ 4) 6

**ব্যাখ্যা :**

ধরি, সংখ্যাটি = x

প্রশ্নমতে,
$x^2 + 4 = 40$
$\Rightarrow x^2 = 36$
$\Rightarrow x = \sqrt{36}$
$\therefore x = 6$

Hello BCS

7) একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

1)
২০

2)
১৬

3)
২৪

✔ 4)
১৮

**ব্যাখ্যা :** মনেকরি, সংখ্যাটি x এর সাথে তিন গুন মানে ৩x এবং দ্বিগুণ মানে ২x এর সাথে যোগ করলে ৯০ হয় তাহলে আমরা লিখতে পারি,
প্রশ্নমতে, ৩x + ২x = ৯০
বা, ৫x = ৯০
বা, x = ৯০/৫
অথএব, x = ১৮

8) বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কে?

✔ 1)
কামরুল হাসান

2)
জয়নুল আবেদিন

3)
হাশেম খান

4)
হামিদুর রহমান

Hello BCS

**ব্যাখ্যা :** বাংলাদেশের জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান। বাংলাদেশের জাতীয় পতাকা সবুজ আয়তক্ষেত্রের মধ্যে লাল বৃত্ত। সবুজ রং বাংলাদেশের সবুজ প্রকৃতি ও তারুণ্যের প্রতীক, বৃত্তের লাল রং উদীয়মান সূর্য, স্বাধীনতা যুদ্ধে আত্মোৎসর্গকারীদের রক্তের প্রতীক। বাংলাদেশের জাতীয় পতাকার এই রূপটি ১৯৭২ সালের ১৭ জানুয়ারি সরকারীভাবে গৃহীত হয়। ১৯৭২ সালে শেখ মুজিবুর রহমানের সরকার শিবনারায়ন দাশের ডিজাইন কৃত পতাকার মাঝে মানচিত্রটি বাদ দিয়ে পতাকার মাপ, রঙ, ও তার ব্যাখ্যা সম্বলিত একটি প্রতিবেদন দিতে বলে পটুয়া কামরুল হাসানকে। কামরুল হাসান দ্বারা পরিমার্জিত রূপটিই বর্তমানে বাংলাদেশের জাতীয় পতাকা

9) একটি সংখ্যার তিনগুণের সাথে দ্বিগুণ যোগ করলে ৯০ হয়। সংখ্যাটি কত?

1)
16

2)
17

✔ 3)
18

4)
24

**ব্যাখ্যা :**

মনে করি, সংখ্যাটি = ক।

প্রশ্নমতে,
৩ক + ২ক = ৯০
⇒ ৫ক = ৯০
∴ ক = ১৮।

10) কোনটি খাঁটি বাংলা উপসর্গ?

1)
ফি

2)
খাস

3)
অতি

✔ 4)

Hello BCS

অজ

**ব্যাখ্যা :** অপশনে খাঁটি বাংলা উপসর্গ হল অজ। এটি নিতান্ত বা মন্দ অর্থে ব্যবহৃত হয়েছে। অজ উপসর্গে গঠিত বাংলা শব্দ - অজ পাড়াগাঁ, অজমূর্খ, অজপুকুর ইত্যাদি।

অপশনে, খাস (বিশেষ) হচ্ছে আরবি উপসর্গ - খাসকামরা, খাসখবর, খাসমহল, খাসদরবার। ফি (প্রতি) হচ্ছে ফারসি উপসর্গ। ফি- রোজ, ফি- সন, ফি বছর, ফি হপ্তা।

11) ঢাকা বিশ্ববিদ্যালয় কবে প্রতিষ্ঠিত হয়?

1)
১৯২৯

2)
১৯৩৩

✔ 3)
১৯২১

4)
১৯২৫

Hello BCS

**ব্যাখ্যা :** ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯২১ সালে প্রতিষ্ঠিত হয়।
১৯২০ সালে ভারতীয় বিধানসভায় গৃহীত বিশ্ববিদ্যালয় আইন বলে ১৯২১ সালে ১ জুলাই আবাসিক বিশ্ববিদ্যালয় হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়। ঢাকার রমনা এলাকায় প্রায় ৬০০ একর জমি নিয়ে এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে।

12) মোঃ জিল্লুর রহমান বাংলাদেশের কততম রাষ্ট্রপতি ছিলেন?

1)
১৬তম

2)
১৮তম

✔ 3)
১৯তম

4)
২০তম

**ব্যাখ্যা :** মো. জিল্লুর রহমান বাংলাদেশের ১৯তম রাষ্ট্রপতি ছিলেন।
জিল্লুর রহমান (জন্ম : ৯ মার্চ, ১৯২৯ - মৃত্যু : ২০ মার্চ, ২০১৩) বাংলাদেশের সাবেক রাষ্ট্রপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের বিশিষ্ট রাজনীতিবিদ। ১৯৫২ সালের বাংলা ভাষা আন্দোলন থেকে শুরু করে এ যাবৎ দেশের সবকয়টি আন্দোলনে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তিনি মুক্তিযুদ্ধে সক্রিয় অংশগ্রহণ করেন। ২০০9 সালের ১২ ফেব্রুয়ারি প্রধান বিচারপতি এম এম রুহুল আমিন তাকে বাংলাদেশের ১৯তম রাষ্ট্রপতি হিসেবে বঙ্গভবনে শপথ বাক্য পাঠ করান।

13) গ্রিনিচ মান মন্দির কোথায় অবস্থিত?

1)
এডিনবরা

2)
লিডস

3)
বার্মিংহাম

✔ 4)
লন্ডন

**ব্যাখ্যা :** গ্রিনিচ লন্ডনে অবস্থিত।
গ্রীনিচ ইংল্যান্ডের রাজধানী লন্ডনে অবস্থিত। এই স্থানের উপর দিয়ে মূল মধ্য রেখা অতিক্রম করেছে। এখানে পৃথিবীর স্টান্ডার্ড সময় গণনা করার মান মন্দির অবস্থিত।

14) ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য কোনটি?

1)
বর্ধমান হাউজ

✔ 2)
লালবাগ কেল্লা

3)
আহসান মঞ্জিল

4)
বড় কাটরা

**ব্যাখ্যা :** ঢাকা শহরের প্রধান মুঘল স্থাপত্য লালবাগ দুর্গ।
লালবাগের কেল্লা (কিলা আওরঙ্গবাদ) ঢাকার দক্ষিণ - পশ্চিমাঞ্চলে বুড়িগঙ্গা নদীর তীরে অবস্থিত একটি অসমাপ্ত মুঘল দুর্গ। এটির নির্মাণকাজ শুরু হয়েছিল ১৬৭৮ সালে, মুঘল সুবাদার মুহাম্মদ আজম শাহ কর্তৃক, যিনি ছিলেন

Hello BCS

সম্রাট আওরঙ্গজেবের পুত্র এবং পরবর্তীতে নিজেও সম্রাট পদপ্রাপ্ত হয়েছিলেন। তার উত্তরসুরী, মুঘল সুবাদার শায়েস্তা খাঁ ১৬৮০ সালে নির্মাণকাজ পুনরায় শুরু করেন, কিন্তু শেষ করেননি।

15) 'BARD' বলতে কি বুঝায়?

1) Bangladesh Advancement for Rural Development

✔ 2) Bangladesh Academy for Rural Development

3) Better Association for Rural Development

4) Bangladesh Association for Rural Development

**ব্যাখ্যা :** BARD বলতে Bangladesh Academy for Rural Development কে বুঝায়।
BARD এর পূর্ণরূপ Bangladesh Academy for Rural Development. বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীনে পল্লী উন্নয়ন বিষয়ক একটি স্বায়ত্তশাসিত জাতীয় প্রতিষ্ঠান। এটি আখতার হামিদ খান কুমিল্লার কোট বাড়িতে ১৯৫৯ সালে প্রতিষ্ঠা করেন।

16) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয় -

1) ২০০০ সালে

2) ১৯৯৭ সালে

3) ১৯৯৮ সালে

✔ 4) ১৯৯৯ সালে

**ব্যাখ্যা :** আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষণা করা হয় ১৯৯৯ সালে।
১৯৯৯ খ্রিষ্টাব্দের ১৭ নভেম্বর অনুষ্ঠিত ইউনেস্কোর প্যারিস অধিবেশনে প্রস্তাব উত্থাপন করা হয় ও এতে ১৮৮টি দেশ সমর্থন জানালে একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘোষণা করা হয় এবং ২০০০ সালের ২১ ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসঙ্ঘের সদস্যদেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

Hello BCS

17) বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয়?

1)
১৭ এপ্রিল, ১৯৭১

✔ 2)
১০ এপ্রিল, ১৯৭১

3)
৭ মার্চ, ১৯৭১

4)
২৬ মার্চ, ১৯৭১

**ব্যাখ্যা :** বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র কবে গৃহীত হয় ১৭ এপ্রিল ১৯৭১।
বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র গৃহীত হয় ১৯৭১ সালের ১৭ এপ্রিল। আর স্বাধীনতার ঘোষণাপত্র জারি করা হয় ১০ এপ্রিল ১৯৭১।

Hello BCS

18) 'GIS' পূর্ণরূপ কি?

1)
Geographic Information Service

✔ 2)
Geographic Information System

3)
Global Information Service

4)
Global Information System

**ব্যাখ্যা :** GIS এর পূর্ণরূপ হলো : Geographic Information System.
ভৌগোলিক তথ্য ব্যবস্থা - র (ইংরেজি : Geographic Information System) মাধ্যমে দৈশিক তথা ভৌগোলিক উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, বিশ্লেষণ ও উপস্থাপন করা হয়। এর ইংরেজি প্রতিশব্দ হল জিওগ্রাফিক ইনফরমেশন সিস্টেম (Geographic Information System) এবং একে সংক্ষেপে জি আই এস (GIS) বলা হয় । জি আই এস হল ভূতথ্যবিজ্ঞান - এর একটা বৃহত্তর অংশ।
সাধারণ ভাবে ভৌগোলিক তথ্যের সংহতি, সংরক্ষণ, সম্পাদনা, বিশ্লেষণ, বণ্টন ও প্রদর্শনে ব্যবহৃত তথ্য ব্যবস্থা প্রনালীকে এই পরিভাষিক শব্দটির প্রকাশ করা যেতে পারে।

19) বাংলাদেশ ও ভারতের মধ্যে অবস্থিত মোট ছিটমহলের সংখ্যা কত?

✔ 1)
১৬২টি

2)
১১১টি

3)
৫১ টি

4)
১৩০টি

**ব্যাখ্যা :** ভারত ও বাংলাদেশের মধ্যে অবস্থিত মোট ছিটমহলের সংখ্যা ১৬২ টি।
ভারত ও বাংলাদেশের মধ্যে পূর্বে ১৬২টি ছিট মহল ছিল। কিন্তু ২০১৫ সালের ১ আগস্ট (৩১ জুলাই মধ্যরাতে) ছিট মহল বিনিময় বা বিলুপ্ত হয়।

Hello BCS

20) মানুষ একা বাস করতে পারে না। এর সঠিক ইংরেজি অনুবাদ কোনটি?

1)
Nobody can live alone

✔ 2)
No man can live alone

3)
None can live alone

4)
No one can live alone.

**ব্যাখ্যা :** কোন মানুষ একা বাস করতে পারে না? শুদ্ধ ইংরেজীতে অনুবাদ হলো - No man can live alone.

21) অক্ষির সমীপে এর এককথায় প্রকাশ হচ্ছে -

1)
প্রত্যক্ষ

2)
নিরপেক্ষ

✔ 3)
সমক্ষ

4)
পরোক্ষ

**ব্যাখ্যা :** ”অক্ষির সমীপে”র সংক্ষেপ হলো - - সমক্ষ।
এক কথায় প্রকাশ : অক্ষির সমীপে = সমক্ষ, অক্ষির অগোচরে = পরোক্ষ, অক্ষির অভিমুখে = প্রত্যক্ষ।
অন্যদিকে 'নিরপেক্ষ' শব্দের অর্থ হলো : পক্ষপাত শূন্য ; কোন পক্ষই গ্রহণ না করা (নিরপেক্ষ বিচার)।

22) 'না কোন জাতীয় শব্দ?

✔ 1)
অব্যয়

2)
ক্রিয়া

3)
বিশেষণ

4)
বিশেষ্য

**ব্যাখ্যা :** না' অব্যয় জাতীয় শব্দ।
যে পথ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভাবর্ধন করে কখনো একাধিক পদের বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বর্ধনা ঘটায় তাকে অব্যয় পদ বলে। বাংলা ভাষায় তিন প্রকার অব্যয় শব্দ রয়েছে। যেমন : বাংলা অব্যয় শব্দ, তৎসম অব্যয় শব্দ এবং বিদেশি অব্যয় শব্দ। বাংলা অব্যয় জাতীয় শব্দ হলো : না, আর, আবার, ও, হা ইত্যাদি।

23) 'সন্ধ্যা' শব্দের বিশেষণ কোনটি?

1)
সন্ধ্যা

2)
সন্দা

✔ 3)
সান্ধ্য

4)

Hello BCS

সাঁঝ

**ব্যাখ্যা :** ”সন্ধ্যা” শব্দের বিশেষণটি হচ্ছে সান্ধ্য।
বাংলা ব্যাকরণ মতে– বাক্যে ব্যবহৃত যে প্রকার পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদকে বিশেষিত করে, তাকেই বিশেষণ বলে।

24) 'ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ' কে রচনা করেন?

1)
ড. মুহম্মদ শহীদুল্লাহ্

2)
ড. আহমদ শরীফ

3)
ড. সুকুমার সেন

✔ 4)
ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়

**ব্যাখ্যা :** ”ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ” সুনীতিকুমার চট্টোপাধ্যায় রচনা করেন।
সুনীতিকুমার চট্টোপাধ্যায় (জন্ম : ২৬শে নভেম্বর, ১৮৯০— মৃত্যু : ২৯শে মে, ১৯৭৭) একজন বাঙালি ভাষাতাত্ত্বিক পণ্ডিত, সাহিত্যিক ও শিক্ষাবিদ।
অধ্যাপক তারাপুরওয়ালা'র কাছে আবেস্তা অধ্যয়ন করেন। বাংলা ভাষার উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে ৩ খণ্ডের দি অরিজিন এন্ড ডেভেলপম্যান্ট অব দ্য বেঙ্গলি ল্যাঙ্গুয়েজ গ্রন্থখানি রচনা করে অসাধারণ বিদ্যাবত্তার পরিচয় প্রদান করেন।
অন্যান্য রচনাবলি হলো : বেঙ্গলি ফোনেটিক রিডার, কিরাত জনকৃতি, ভারত - সংস্কৃতি(১৯৪৪), বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা(১৯২৯), পশ্চিমের যাত্রী(১৯৩৮), ইউরোপ ভ্রমণ, জাতি সংস্কৃতি সাহিত্য(১৯৩৮), ভারতের ভাষা ও ভাষা সমস্যা(১৯৪৪), সংস্কৃতি কী, দ্বীপময় ভারত(১৯৬৫), রবীন্দ্র সঙ্গমে(১৯৬৫), শ্যামদেশ(১৯৬৫) ইত্যাদি।

25) 'নীল যে আকাশ' = নীলাকাশ, কোন সমাস?

1)
বহুব্রীহি সমাস

2)
অব্যয়ীভাব সমাস

✔ 3)
কর্মধারয় সমাস

Hello BCS

4)
দ্বিগু সমাস

**ব্যাখ্যা :** নীল যে আকাশ = নীলাকাশ কর্মধারয় সমাস।
যে সমাসে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন : নীল যে পদ্ম = নীলপদ্ম, শান্ত অথচ শিষ্ট = শান্তশিষ্ট, কাঁচা অথচ মিঠা = কাঁচামিঠা।

26) 'রান্না' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

1)
রান্ন + আ

✔ 2)
রাঁধ + না

3)
রান + না

4)
রাদ+ না

**ব্যাখ্যা :** রান্না" - এর সন্ধি বিচ্ছেদ রাঁধ্ + না।
স্বরে আর ব্যঞ্জনে অথবা ব্যঞ্জনে ও ব্যঞ্জনে অথবা ব্যঞ্জনে ও স্বরে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জন সন্ধি বলে। ব্যঞ্জনসন্ধি মূলত কথ্য রীতিতে সীমাবদ্ধ। প্রকৃত বাংলা ব্যঞ্জন সন্ধি মূলত সমীভবন এর নিয়মে হয়ে থাকে। যেমন : রাঁধ্ + না = রান্না।

27) কোনটি স্বরসন্ধির উদাহরণ?

1)
অহরহ

✔ 2)
বিদ্যালয়

3)
দুঃশ্চিন্তা

4)
ণিজন্ত

Hello BCS

**ব্যাখ্যা :** বিদ্যালয় স্বরসন্ধির উদাহরণ।
স্বরধ্বনির সাথে স্বরধ্বনির যে সন্ধি হয় তাকে স্বরসন্ধি বলে।
যেমন, সিংহাসন = সিংহ + আসন,
বিদ্যালয় = বিদ্যা + আলয়,
হিমালয় = হিম + আলয়,
দেখা যাচ্ছে 'অ' এবং 'আ' মিলে স্বরসন্ধিতে 'আ' হয়।

28) এমন ছেলে আর দেখি নি। বাক্যে 'ছেলে' কোন কারকে কোন বিভক্তি?

1)
অপাদানে শূন্য

✔ 2)
কর্মকারকে শূন্য

3)
কর্তায় শূন্য

4)
অধিকরণে শূন্য

**ব্যাখ্যা :** ”এমন ছেলে আর দেখিনি” বাক্যে ”ছেলে” শব্দটি কর্ম কারকে শূন্য বিভক্তি।
যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্ম কারক বলে।
ক্রিয়ার সঙ্গে 'কী' বা 'কাকে' দ্বারা প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা - ই কর্ম কারক।
যেমন : ডাক্তার ডাক। তাকে বলো। ইত্যাদি।

29) 'ব্যাকরণ' শব্দটি হলো-

1)
অর্ধ-তৎসম

2)
তদ্ভব

3)
দেশি

✔ 4)
তৎসম

Hello BCS

**ব্যাখ্যা :** ব্যাকরণ শব্দটি হলো - - তৎসম।
যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কোন রূপ পরিবর্তন ছাড়াই সরাসরি বাংলা ভাষায় গৃহীত হয়েছে, সেসব শব্দকে বলা হয় তৎসম শব্দ। যেমন : ব্যাকরণ, চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভুবন, ধর্ম, অন্ন, বস্ত্র, গৃহ, আকাশ ইত্যাদি।

30) কোনটি ধ্বন্যাত্মক দ্বিরুক্তির উদাহরণ?

1)
ঘন-ঘন

✔ 2)
ঝমঝম

3)
ভাল- ভাল

4)
রাশি রাশি

**ব্যাখ্যা :** ঝম - ঝম ধনাত্মক দ্বিরুক্তির উদাহরণ।
কোন কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতি বিশিষ্ট শব্দের রূপকে ধনাত্মক শব্দ বলে। এজাতীয় ধনাত্মক শব্দের দুইবার প্রয়োগের নাম ধনাত্মক দ্বিরুক্তি। ধনাত্মক দ্বিরুক্তি দ্বারা বহুত্ব, আধিক্য ইত্যাদি বোঝায়। ধনাত্মক দ্বিরুক্তি এর কয়েকটি উদাহরণ হল : ঝম ঝম, হু হু, কুহু কুহু, মর মর ইত্যাদি।

Hello BCS

31) হযরত মোহাম্মদ (সাঃ) ছিলেন একজন আদর্শ মানব। এটি কোন ধরনের বাক্য?

✔ 1)
সরল বাক্য

2)
যৌগিক বাক্য

3)
মিশ্র বাক্য

4)
কোনটি নয়

**ব্যাখ্যা :** হযরত মুহম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব" বাক্যটি একটি সরল বাক্য।
যে সুবিন্যাস্ত পদের সমষ্টি দ্বারা কোন বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয় তাকে বাক্য বলে। গঠনের দিক থেকে বাক্য তিন প্রকার। যথা : সরল বাক্য, জটিল বাক্য ও যৌগিক বাক্য। যে বাক্যে একটি মাত্র উদ্দেশ্য (কর্তা) ও একটি মাত্র বিধেয় (সমাপিকা ক্রিয়া) থাকে তাকে সরল বাক্য বলে। যেমন : হযরত মুহাম্মদ সঃ ছিলেন একজন আদর্শ মানব।

32) 'সূর্য' এর প্রতিশব্দ-

✔ 1)
আদিত্য

2)
সুধাংশু

3)
শশাংক

4)
বিধু

**ব্যাখ্যা :** ”সূর্য” - এর প্রতিশব্দ - - আদিত্য।
এছাড়াও সূর্য শব্দের আরো কিছু প্রতিশব্দ হলো : দিবাকর, রবি, প্রভাকর, মিহির, ভাস্কর, বিভাকর, সবিতা, তপন, দীনেশ, ভানু, বিভাবসু ইত্যাদি।

Hello BCS

33) কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস কোনটি?

1)
মৃত্যুক্ষুধা

2)
কুহেলিকা

✔ 3)
বাঁধনহারা

4)
ব্যথার দান

**ব্যাখ্যা :** কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস বাঁধনহারা।
তার উপন্যাস গুলো হল : বাঁধন হারা ১৯২৭, মৃত্যুক্ষুধা ১৯৩০, কুহেলিকা ১৯৩১, জীবনের জয়যাত্রা ১৯৩৯.

34) শব্দ ও ধাতুর মূলকে কি বলে?

✔ 1)
প্রকৃতি

2)
ধাতু

3)
বিভক্তি

4)
কারক

**ব্যাখ্যা :** শব্দ ও ধাতুর মূলকে বলে - - প্রকৃতি।
প্রকৃতি মূলত দুই প্রকার। যথা  : নাম প্রকৃতি ও ক্রিয়া প্রকৃতি।

35) শুদ্ধ বানানটি হলো- -

1)
তিতীক্ষা

✔ 2)
তিতিক্ষা

3)
তীতীক্ষা

4)
তীতিক্ষা

Hello BCS

**ব্যাখ্যা :** প্রদত্ত অপশন গুলোর মধ্যে 'তিতিক্ষা' শব্দটির বানান সঠিক।
অন্যান্য শব্দগুলোর বানান ব্যাকরণগত ভুল দৃশ্যমান।

36) 'আশীবিষ' শব্দের প্রতিশব্দ কোনটি?

✔ 1)
সাপ

2)
হুতাশন

3)
মার্তণ্ড

4)
মাতঙ্গ

**ব্যাখ্যা :** প্রদত্ত অপশন গুলোর মধ্যে 'তিতিক্ষা' শব্দটির বানান সঠিক।
অন্যান্য শব্দগুলোর বানান ব্যাকরণগত ভুল দৃশ্যমান।

37) 'অপর্ণা' রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা?

1)
চিত্রাঙ্গদা

2)
রক্তকরবী

3)
রাজা ও রানী

✔ 4)
বিসর্জন

**ব্যাখ্যা :** ”অপর্ণা” রবীন্দ্রনাথ ঠাকুরের বিসর্জন নাটকের নায়িকা।
অমিত্রাক্ষর ছন্দে রচিত বিসর্জন নাটকটি তার মঞ্চসফল এবং জনপ্রিয় নাটক গুলির মধ্যে অন্যতম। রবীন্দ্রনাথ স্বয়ং এ নাটকের প্রধান দুটি চরিত্র রঘুপতি ও জয়সিংহের ভূমিকায় বিভিন্ন সময়ে অভিনয় করেন। এ নাটকের প্রধান চরিত্র হলো অর্পনা, রঘুপতি, জয়সিংহ, গুণবতী, গোবিন্দমাণিক্য।

Hello BCS

38) 'কালান্তর' শীর্ষক প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে?

1)
প্রমথ চৌধুরী

✔ 2)
রবীন্দ্রনাথ ঠাকুর

3)
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

4)
রামচন্দ্র

**ব্যাখ্যা :** ”কালান্তর” শীর্ষক প্রবন্ধ গ্রন্থের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।
তার আরো কয়েকটি প্রবন্ধ গ্রন্থ হল : বিবিধ প্রসঙ্গ (প্রথম প্রকাশিত), সভ্যতার সংকট, পঞ্চভূত, মানুষের ধর্ম, শব্দতত্ত্ব, বিশ্বপরিচয়, শিক্ষা, সাহিত্য, সাহিত্যের স্বরূপ ইত্যাদি।

39) 'কানপাতলা' শব্দের অর্থ কি?

1)
অবিশ্বাসী

✔ 2)
বিশ্বাসপ্রবণ

3)
বিশ্বাসী

4)
বিশ্বাসহীন

**ব্যাখ্যা :** ”কান পাতলা” অর্থ বিশ্বাসপ্রবণ।
কান পাতলা শব্দটির অর্থ সব কথায় বিশ্বাস করা। উদাহরণ : কান পাতলা বন্ধুরা অনেক সময় বিপদের কারন হয়ে দাঁড়ায়।

40) কোন শব্দটি ভুল?

✔ 1)
পরিপক্ক

2)
অঞ্জলি

3)
মরূদ্যান

4)
কটূক্তি

**ব্যাখ্যা :** প্রদত্ত অপশনে 'পরিপক্ক' শব্দটি ভুল।
পরিপক্ক শব্দের শুদ্ধ রূপ হল - পরিপক্ব। অন্যান্য শব্দগুলো মরূদ্যান, কটূক্তি, অঞ্জলি সবগুলি সঠিক।

41) কোন ভগ্নাংশটি ক্ষুদ্রতম?

1)
১২/১৫

✔ 2)
১১/১৪

3)
১৭/২১

4)
৫/৬

Hello BCS

**ব্যাখ্যা :** ৫/৬ = ০.৮৩৩৩৩
১২/১৫ = ০.৮
১১/১৪ = ০.৭৮৫৭১ [ ক্ষুদ্রতম ]
১৭/২১ = ০.৮০৯৫২

42) ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম এবং ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল কত?

1) ২৯৮৭

2) ২২৮৭

✔ 3) ২১৮৭

4) ৩১৪৭

**ব্যাখ্যা :** ০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের বৃহত্তম সংখ্যা ৩২১০।
০, ১, ২ এবং ৩ দ্বারা গঠিত চার অংকের ক্ষুদ্রতম সংখ্যা ১০২৩।
বিয়োগফল = ৩২১০-১০২৩ =২১৮৭

43) ২৫৩ ডিগ্রী কোণকে কি কোণ বলে?

1) সূক্ষ্মকোণ

2) স্থুলকোণ

3) পূরককোণ

✔ 4) প্রবৃদ্ধকোণ

**ব্যাখ্যা :** প্রবৃদ্ধ কোণ (Reflex angle) :
১৮০ ডিগ্রী থেকে বড় মানের এবং ৩৬০ ডিগ্রি থেকে ছোট মানের কোণকে প্রবৃদ্ধ কোণ বলে।
২৫৩ ডিগ্রী ১৮০ থেকে বড় এবং ৩৬০ ডিগ্রী থেকে ছোট তাই এটি প্রবৃদ্ধ কোণ।

Hello BCS

44) কোন পরীক্ষায় ৮০% গণিত এবং ৭০% বাংলায় পাস করে। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কত জন ফেল করল?

1)
১৫%

✔ 2)
১০%

3)
১২%

4)
১১%

**ব্যাখ্যা :** একমাত্র গণিতে পাস করেছে (৮০ - ৬০)% = ২০%
একমাত্র বাংলাতে পাস করেছে (৭০ - ৬০)% = ১০%
মোট পাস = (৬০ + ২০ + ১০)% = ৯০%
উভয় বিষয় ফেল = (১০০ - ৯০)% = ১০%

Hello BCS

45) যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে কি বলে?

1)
আয়তক্ষেত্র

2)
ট্রাপিজিয়াম

3)
সামান্তরিক

✔ 4)
রম্বস

**ব্যাখ্যা :** যে চতুর্ভুজের বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে রম্বস বলে।
যে চতুর্ভুজের বীপরিত বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ নয়, তাকে সামন্তরিক বলে।
যে চতুর্ভুজের বীপরিত বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু কোণগুলো সমকোণ , তাকে আয়তক্ষেত্র বলে।

46) যদি $a^3$-$b^3$ = 513 এবং a-b = 3 হয়, তবে ab এর মান কত?

✔ 1)

54

2)
35

3)
45

4)
55

**ব্যাখ্যা :** যদি $a^3$-$b^3$ = 513
or, $(a-b)^3$+3ab (a-b) = 513
or, $3^3$ + 9ab = 513
or, 9ab = 486
or, ab = 54

47) পিতা ও মাতার বয়সের গড় ৪৫ বছর। আবার পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর। পুত্রের বয়স কত?

✔ 1)
১৮ বছর

2)
১৫ বছর

3)
১৪ বছর

4)
৯ বছর

**ব্যাখ্যা :** পিতা ও মাতা বয়সের গড় ৪৫ বছর
পিতা ও মাতার মোট বয়স = ৪৫×২ = ৯০
পিতা, মাতা ও এক পুত্রের বয়সের গড় ৩৬ বছর
পিতা, মাতা ও এক পুত্রের মোট বয়স = ৩৬×৩ = ১০৮
পুত্রের বয়স = (১০৮ - ৯০) = ১৮ বছর

48) ১৬.৫ এর ১.৩% কত?

✔ 1)
০.২১৪৫

Hello BCS

2)
২.১৪৫

3)
০.০২১৪৫

4)
২১.৪৫

**ব্যাখ্যা :** ১৬.৫ এর ১.৩%
= ১৬.৫/ ১০০ X১.৩
= ০.২১৪৫

49) একটি জিনিস ২৫ টাকায় বিক্রয় করায় ২৫% লাভ হলো, জিনিসটির ক্রয়মূল্য কত?

✔ 1)
২০ টাকা

2)
১৭.৫০ টাকা

3)
১৫ টাকা

4)
১৮ টাকা

**ব্যাখ্যা :** ২৫% লাভে,
বিক্রয়মূল্য ১২৫ টাকা হলে ক্রয়মূল্য ১০০ টাকা
" ২৫ " " " ( ১০০×২৫)/১২৫ = ২০ টাকা

50) ৬০০ টাকার ৬ বছরের সরল সুদ ১৮০ টাকা হলে সরল সুদের হার কত?

1)
১৭%

2)
১২%

3)
১০%

✔ 4)

Hello BCS

৫%

**ব্যাখ্যা :** এখানে,
৬০০ টাকার ৬ বছরের সরল সুদ = ১৮০ টাকা
৬০০ " ১ " " " = ১৮০/৬ = ৩০ টাকা
১ " ১ " " " = ৩০/৬০০ টাকা
১০০ " ১ " " " = (৩০/৬০০)*১০০ টাকা
= ( ৩০/৬ ) টাকা
= ৫ টাকা
সুতরাং, সরল সুদের শতকরা হার = ৫% (Ans:)

51) অনুপাত কী?

1)
একটি মৌলিক সংখ্যা

✔ 2)
একটি ভগ্নাংশ

3)
একটি পূর্ণ সংখ্যা

4)
একটি জোড় সংখ্যা

Hello BCS

**ব্যাখ্যা :** দুইটি সমজাতীয় রাশির একটি অপরটির তুলনায় কতগুণ বা কত অংশ তা একটি ভগ্নাংশ দ্বারা প্রকাশ করা যায়।
এই ভগ্নাংশকে রাশি দুইটির অনুপাত বলে। রাশি দুইটি সমজাতীয় বলে অনুপাতের কোন একক নেই।
অনুপাত একটি ভগ্নাংশ।

52) ৮,১১,১৭,২৯,৫৩, ......... সংখ্যাটি কত?

✔ 1) ১০১
2) ১০২
3) ৭৫
4) ৫৯

**ব্যাখ্যা :** ৮
৮ + ৩ = ১১
১১ + ৬ = ১৭
১৭ + ১২ = ২৯

২৯ + ২৪ = ৫৩
৫৩ + ৪৮ = ১০১
২ গুন করে বাড়ছে এবং যোগ হয়ছে

53) দুইটি সংখ্যার অনুপাত ৩ : ৪ এবং তাদের ল. সা. গু ১৮০। সংখ্যা দুটি কি কি?

1)
৬০, ৫০

2)
৫০, ৪০

✔ 3)
৪৫, ৬০

4)
৭০, ৬০

**ব্যাখ্যা :** অনুপাতের গুন ফল =
৩*৪ = ১২
ল সা গু কে গুনফল দ্বারা ভাগ
১৮০/১২ = ১৫
৩*১৫ = ৪৫
৪*১৫ = ৬০
৪৫,৬০

Hello BCS

54) এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তার মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?

1)
২০,০০৯

2)
২০,০৭০

3)
২০,৩০০

✔ 4)
২৫,০০০

**ব্যাখ্যা :** ধরি,
আয় = ৫x
ব্যয় = ৩x
শর্তমতে, ৫x - ৩x = ১০, ০০০
=> ২x = ১০, ০০০
∴ x = ৫০০০
আয়ের পরিমাণ = ৫×৫০০০ [x এর মান বসিয়ে]
= ২৫০০০ টাকা

55) a+b = 8 এবং ab = 15 হলে, $a^3 + b^3$ এর মান কত?

1) 145

✔ 2) 152

3) 155

4) 160

**ব্যাখ্যা :**

$a^3 + b^3$
$= (a+b)^3 - 3ab\ (a+b)$
$= 8^3 - 3.15.8$
$= 8\ (64-45)$
$= 8.19$
$= 152$

56) (০.৪ × ০.০৫ × ০.০২)/০.০১ = ?

✔ 1) ০.০৪

2) ০.০০৪

3) ০.৪

Hello BCS

4)
কোনোটিই নয়

**ব্যাখ্যা :** (০.৪ * ০.০৫ * ০.০২)/০.০১
= {(৪/১০)*(৫/১০০)*(২/১০০)} / (১/১০০)
= (২/৫)*(১/২০)*(১/৫০)*১০০
= ২০০/৫০০০
= ১/২৫
= ০.০৪
উত্তরঃ ০.০৪

57) Choose the correct narration of 'Do the work'-

✔ 1)
He asked to do the work.

2)
He requested doing the work

3)
He told doing the work.

4)
He said that do the work

Hello BCS

**ব্যাখ্যা :** the correct narration - Who told "Do the Work". is - He asked to do the work.
Imperative sentence - এর indirect করার জন্য subject + order/ say/ ask + to + important sentence এর পুরো অংশ। এ নিয়মানুযায়ী, He asked to do the work হবে। উল্লেখ্য প্রশ্নোত্তর sentence এ 'who' এর স্থলে 'he' হবে।

58) Which one is correct spelling?

1)
Bouquete

2)
Bouquette

✔ 3)
Bouquet

4)
Boquet

ব্যাখ্যা : প্রশ্নোক্ত অপশন গুলোর মধ্যে correct spelling হচ্ছে bouquet।
bouquet শব্দটির অর্থ : ফুলের তোড়া, কুসুমস্তবক, গুঁজ, ফুলের তোড়া, তোড়া, কোনো বিশেষ সুরার সুরভি।

59) I decided to go....... with my friend as I needed some exercise.

1)
for walking

2)
Walk

3)
to walk

✔ 4)
for a walk

ব্যাখ্যা : I decided to go - - - with my friend as I needed some exercise. প্রদত্ত বাক্যের অর্থানুসারে for a walk বসে।
'হাঁটতে যাওয়া' অর্থে 'go for a walk' phrase টি ব্যবহৃত হয়।

60)
Which of the following sentence is correct?

1)
The shirt that he bought is blue in colour.

2)
The shirt which he bought is blue in colour.

3)
That shirt he bought is blue in colour

✔ 4)
a+ b both

ব্যাখ্যা : The correct sentence is - The shirt that he bought is blue in colour; The shirt which he bought is blue in colour.

Hello BCS

Option গুলোর মধ্যে a এবং b দুটি সঠিক। কারণ Shirt - এর পরে relative pronoun হিসেবে that ও which দুটি সঠিক।

61) Choose the correct spelling.

1)
Burreaucrat

✔ 2)
Bureaucrate

3)
Buracrat

4)
Buraeucret

**ব্যাখ্যা :** প্রদত্ত শব্দ গুলোর মধ্যে Bureaucrat বানানটি শুদ্ধ।
Bureaucrat শব্দটির অর্থ : আমলা, আমলা, আমলাতন্ত্রবাদী, আমলাতন্ত্রবাদী ব্যক্তি, ক্ষমতাহীন আমলা।

Hello BCS

62) He took me there. (Passive)

1)
I was to be taken there by him

✔ 2)
I was taken there by him

3)
I should be taken there by him

4)
He was trying to take me there

**ব্যাখ্যা :** "He took me there." The passive voice is - - - - I was taken there by him.
Active voice কে passive করতে হলে object কে subject + tense অনুযায়ী be verb এর রূপ + মূল verb এর past participle + by/with/at... + subject এর object রূপ।

63) The word 'Indigenous' is meaning of-

1)
Remote

2)
Foreign

✔ 3)
Native

4)
Local

**ব্যাখ্যা :** The word "Indigenous" is meaning of - - - Native.
Indigenous শব্দটির অর্থ : দেশীয়, দেশীয়, দেশী, স্বদেশজাত, দেশজ, দেশজাত, দিশি, সহজাত।
Native শব্দটির অর্থ : স্থানীয়, অসভ্য লোক, ছলাকলাশূন্য, প্রকৃতিগত, জন্মগত, অধিবাসী, অসভ্য জাতির লোক, স্থানীয়, প্রকৃতিজ, প্রকৃতিজাত, বাসিন্দা, দৈশিক, দেশজ, সহজাত, স্বাভাবিক, বিদ্যমান, সাদাসিধা, কোনো দেশের বা স্থানের লোক, স্থানীয় অধিবাসী।

64)
Choose the correct form (passive) of- ‘Who will do the work?’

1)
Who will be done the work?

2)
Who will done the work?

✔ 3)
By whom will the work be done?

4)
Whom will the work be done?

**ব্যাখ্যা :**

Interrogative sentence যদি who দিয়ে শুরু হয় তাহলে একে passive voice -এ পরিবর্তনের সময় By whom দিয়ে শুরু করতে হয় এবং Shall/will পরিবর্তিত হয়ে Shall be/will be হয়।

65) The..... board has deleted a number of scene.

1)
Censur

2)
Censer

Hello BCS

3)
Censar

✔ 4)
Censor

ব্যাখ্যা : The - - - - board has deleted a number of scenes. প্রশ্নোক্ত বাক্যের অর্থানুসারে Censor শব্দটিই appropriate.
Option গুলোর মধ্যে censer - ধুপাদার ; censar - কোন শব্দ নয় ; censor - বিচারক, পরীক্ষক এবং censur - এর কোনো ব্যবহার নেই।

66) 'Proclaime' means -

1)
Announce

2)
Declare

3)
Pronounce

✔ 4)
a+ b both

Hello BCS

ব্যাখ্যা : "Proclaim" means : declare.
Proclaim শব্দটির অর্থ : প্রচার করা, প্রচার করা, প্রচারিত করা, প্রদর্শন করা, ইস্তাহার দেওয়া, উচ্চকণ্ঠে জাহির করা, জনসাধারণ্যে বা ব্যাপকভাবে প্রচার করা, সরকারিভাবে ঘোষণা করা
declare শব্দটির অর্থ : ঘোষণা করা, ঘোষণা করা, ঘোষণা করা, নিজের আয় ইত্যাদি সম্পর্কে বিবৃতি দেওয়া, ডিক্লেয়ার করা, রঙ দেখান, ধরা।

67) Choose the correct sentence.

1)
I forbade him to go

2)
I forbade him from going

3)
I forbade him not to go

✔ 4)

a+ b both

ব্যাখ্যা : The correct sentence are a and b both.
- I forbade him from going.
It implies that you gave him a directive or instruction not to go.
- I forbade him to go.
It suggests that you specifically forbade him from going somewhere.

68) টাকায় টাকা আনে। এর ইংরেজি অনুবাদ কি হবে?

1)
Money makes money

2)
Money beings money

3)
Money brings money

✔ 4)
Money begets money.

ব্যাখ্যা : ”টাকায় টাকা আনে” - প্রবাদটির শুদ্ধ ইংরেজি অর্থ হচ্ছে - Money begets money.

Hello BCS

69) What is the verb of 'able'?

1)
Ability

2)
Unable

✔ 3)
Enable

4)
Disable

ব্যাখ্যা : "Able" শব্দটির verb হচ্ছে Enable.
Able শব্দের প্রথমে 'en' prefix যুক্ত করলে তা verb হয়ে যায় অর্থাৎ enable।
Enable শব্দটির অর্থ : সক্ষম করা, সক্ষম করা, সমর্থ করা, ক্ষমতা করা, অধিকার ক

70) তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছ? Translate it.

✔ 1)
Have you ever been to Kuakata?

2)
Have you ever gone to Kuakata?

3)
Did you ever go to Kuakata?

4)
Have you ever gone Kuakata?

**ব্যাখ্যা :** তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছ? শুদ্ধ ইংরেজীতে অনুবাদ হচ্ছে - Have you ever been to Kuakata? 'কোথাও যে আবার ফিরে আসা' অর্থে Perfect tense এ 'been' verb টি ব্যবহৃত হয়। এ দৃষ্টিকোণ থেকে তুমি কি কখনো কুয়াকাটা গিয়েছো এর সঠিক ইংরেজি হচ্ছে - Have you ever been to Kuakata?

Hello BCS

71) Which one is singular number?

1)
Data

2)
Agenda

✔ 3)
Index

4)
Criteria

**ব্যাখ্যা :** Singular number is Index.
Option গুলোর মধ্যে criteria হচ্ছে criterion এর plural; data হচ্ছে datum এর plural; agenda হচ্ছে agendum এর plural এবং index হচ্ছে singular form যার plural হচ্ছে indices.

72) Choose the correct spelling.

1)
Superceed

2)
Superseed

3)
Supercede

✔ 4)
Supersede

ব্যাখ্যা : the correct spelt word Supersede.
Option গুলোর মধ্যে সঠিক spelling হচ্ছে Supersede যার অর্থ : রহিত করা, রহিত করা, সরাইয়া রাখা, রহিত বা বাতিল করা।

73) 'To raise ones brows' indicates that-

1)
disapproval

2)
indifference

✔ 3)
Surprise

4)
annoyance

ব্যাখ্যা : To "raise ones brows" indicates that - - surprise.
চোখ বড় করে ভ্রু উচু করে সাধারণত বিস্ময় প্রকাশ করা হয়। সুতরাং To "raise ones brows" - surprise কে indicate করে।
surprise শব্দটির অর্থ : আশ্চর্য, আশ্চর্য, বিস্ময়, আশ্চর্যান্বিত হওয়া, চমকপ্রদ, বিস্ময়, অতর্কিতে আকর্ষণ বা গ্রেপ্তার, আকস্মিক বা অপ্রত্যাশিত ঘটনাদির ফলে চমক, হতচকিত করান, বিস্ময় করা।

74) চিন্তার সঙ্গে মস্তিষ্কের যে অংশের সম্পর্ক তাকে বলা হয়-

✔ 1)
সেরিব্রাম

2)
সেরিবেলাম

3)

Hello BCS

মেডুলা

4)
স্পাইনাল কর্ড

**ব্যাখ্যা :** দুটি বড়, কুন্ডলী পাকানো ও খাজঁ বিশিষ্ট খন্ড নিয়ে সেরিব্রাম গঠিত। খন্ড দুটিকে সেরেব্রাল হেমিস্ফিয়ার বলে। সেরেব্রাম মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ এবং মস্তিষ্কের অন্যান্য অংশকে আবৃত করে রাখে।সেরিব্রাম শরীরের সচেতন বা স্বইচ্ছায় চালিত সঞ্চালক পেশির কাজ নিয়ন্ত্রণ করে।

75) চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়-

1)
অপবর্তন

2)
দৃষ্টিভ্রম

✔ 3)
বায়ুমণ্ডলীয় প্রতিসরণ

4)
আলোর বিচ্ছুরণ

Hello BCS

**ব্যাখ্যা :** চাঁদ দিগন্তের কাছে অনেক বড় দেখায়, তার কারণ হলো বায়ুমন্ডলীয় প্রতিসরণ।
বায়ুমণ্ডলীয় প্রতিসরণের কারণে চাঁদ দিগন্তের কাছে বড় দেখায়। কেননা এই বায়ুমণ্ডলীয় প্রতিসরণের কারণে আলোকরশ্মি দিক পরিবর্তন করে। তার ফলে চাঁদ বড় দেখায়। অন্যদিকে আলোর বিচ্ছুরণ, অপবর্তন, দৃষ্টি বিভ্রম এর সাথে প্রাসঙ্গিক নয়।

76)
কোন দেশ ব্রিকস গ্রুপের অন্তর্ভুক্ত নয়?

1)
দক্ষিণ আফ্রিকা

2)
ভারত

3)
রাশিয়া

✔ 4)
ব্রিটেন

**ব্যাখ্যা :** ব্রিটেন ব্রিকস গ্রুপের অন্তর্ভুক্ত নয়।
ব্রিক্স হলো পাঁচটি গুরুত্বপূর্ণ রাষ্ট্রের : ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা, আদ্যক্ষরের সমন্বয়ে নামকরণকৃত উদীয়মান জাতীয় অর্থনীতির একটি সঙ্ঘ। মূলত ২০১০ সালে দক্ষিণ আফ্রিকা অর্ন্তভূক্ত হবার পূর্বে এই সঙ্ঘটি "ব্রিক" নামে পরিচিত ছিল। ব্রিক্সে অন্তর্ভুক্ত সকল রাষ্ট্র উন্নয়নশীল অথবা সদ্য শিল্পোন্নত, কিন্তু তাদের বিশেষ বৈশিষ্ট্য হচ্ছে উচ্চ অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলীর উপর উল্লেখযোগ্য প্রভাব। পাঁচটি রাষ্ট্রই জি - ২০ - এর সদস্য।

77)
পিথাগোরাসের জন্ম কোথায়?

1)
ফ্রান্সে

2)
ব্রিটেনে

3)
ইরাকে

✔ 4)
গ্রিসে

**ব্যাখ্যা :** পিথাগোরাসের জন্ম গ্রিসে।
বিখ্যাত দার্শনিক ও অংক শাস্ত্রবিদ পিথাগোরাস খ্রীষ্টপূর্ব ৫৭০ অব্দে পূর্ব এজিয়ান সাগর দ্বীপ সামোসে জন্মগ্রহণ করেন। বর্তমান গ্রীস রাষ্ট্র তার জন্ম হয়েছিল। তার পিতার নাম ছিল চেসারচাস।

78) ভারত ও চীনের সীমান্ত রেখার নাম কি?

1)
রেডলাইন

2)
রেডক্লিফ

✔ 3)
ম্যাকমোহন লাইন

4)
ডুরান্ড লাইন

Hello BCS

**ব্যাখ্যা :** ভারত ও চীনের সীমান্ত রেখার নাম ম্যাকমোহন লাইন।
স্যার ম্যাকমোহন কর্তৃক ভারত ও চীনের মধ্যে চিহ্নিত সীমারেখায় হলো ম্যাকমোহন লাইন। ১৯১৪ সালে স্যার ম্যাকমোহন ভারত তিব্বত চুক্তির আওতায় ভারত ও তিব্বতের মধ্যে এ সীমারেখা চিহ্নিত করেন।

79)
নিচের কোন ক্রিকেটার ইংল্যান্ডের নাগরিক?

✔ 1)
নাসের হোসাইন

2)
এলান বোর্ডার

3)
রিচার্ড হ্যাডলি

4)
গ্যারি কারেস্টেন

**ব্যাখ্যা :** ক্রিকেটার নাসের হুসেইন ইংল্যান্ডের নাগরিক।
নাসের হুসেন, (জন্ম : ২৮ মার্চ, ১৯৬৮) ভারতের মাদ্রাজে জন্মগ্রহণকারী ব্রিটিশ - ভারতীয় বংশোদ্ভূত বিখ্যাত ও সাবেক ইংরেজ আন্তর্জাতিক ক্রিকেট তারকা। ইংল্যান্ড ক্রিকেট দলের পক্ষে ১৯৮৭ থেকে ২০০৪ সাল মেয়াদে আন্তর্জাতিক ক্রিকেটে প্রতিনিধিত্ব করেন। পাশাপাশি দলের অধিনায়কেরও দায়িত্ব পালন করেছেন তিনি। দলে তিনি মূলতঃ ডানহাতি ব্যাটসম্যান হিসেবে খেলেছেন। এছাড়াও, ডানহাতে লেগ ব্রেক বোলিংয়ে পারদর্শী ছিলেন তিনি। কাউন্টি ক্রিকেটে এসেক্স দলে খেলেন।

80) ফিফার কার্যালয় কোথায় অবস্থিত?

✔ 1)
সুইজারল্যান্ড

2)
ইংল্যান্ড

3)
যুক্তরাষ্ট্রে

4)
ব্রাজিল

Hello BCS

**ব্যাখ্যা :** ফিফার কার্যালয় সুইজারল্যান্ড অবস্থিত।

FIFA এর পূর্ণরূপ হল Federation of international football association. ফিফার সদর দপ্তর বা কার্যালয় সুইজারল্যান্ডের জুরিখে অবস্থিত। ফিফার জন্ম হয় ১৯০৪ সালের ২১ মে ফ্রান্সের রাজধানী প্যারিসে।

---

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS